



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 14
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ পরীক্ষণ

Date : 16.09.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

জনক রাজার মেয়ে সীতা। তাঁর যেমন রূপ, তেমন গুণ। জনক রাজার ছিল এক হরধনু। রাজা দশরথের বড় ছেলে রাম সেই হরধনু ভেঙে সীতাকে বিবাহ করলেন।

রাজা দশরথ বুড়ো হয়েছেন। তাই তিনি রামকে রাজা করবেন ঠিক করলেন। এই কথা জেনে রামের সৎমা কৈকেয়ী বাদ সাধলেন। তারই কৌশলে রামকে বনে যেতে হল। সঙ্গে গেলেন সীতা ও রামের ছোট ভাই।

বনে পাতার কুটিরে তাঁরা বাস করতে লাগলেন।

একদিন লঙ্কার রাজা রাবণ সীতাকে চুরি করে নিয়ে গিয়ে তার অশোকবনে রেখে দিলেন। সীতা পাছে সেখান থেকে পালিয়ে যান, তাই রাবণের চেড়ীরা সেখানে তাঁকে সব সময় পাহারা দিতে লাগল। এখানে সীতা রাতদিন শুধু কাঁদতেন আর রামের কথা ভাবতেন।

১) সীতা কার মেয়ে?

উঃ সীতা জনক রাজার মেয়ে।

২) রাজা দশরথের বড় ছেলে কে?

উঃ রাজা দশরথের বড় ছেলে হল রাম।

৩) সীতাকে কে বিবাহ করেন?

উঃ সীতাকে রাম বিবাহ করেন।

৪) কে কৌশল করে রামকে বনে পাঠান?

উঃ কৈকেয়ী কৌশল করে রামকে বনে পাঠান।

৫) রামের সঙ্গে বনে কে কে গিয়েছিলেন?

উঃ রামের সঙ্গে বনে গিয়েছিলেন সীতা ও তাঁর ছোট ভাই।

৬) কে সীতাকে চুরি করে নিয়ে গিয়েছিলেন?

উঃ লঙ্কার রাজা রাবণ সীতাকে চুরি করে নিয়ে গিয়েছিলেন।

৭) অর্থ লেখ : চেড়ী

চেড়ী — নারী প্রহরী।

৮) শূন্যস্থান পূরণ কর :

অশোকবনে সীতা রাতদিন শুধু কাঁদতেন আর রামের কথা ভাবতেন।

৯) বিপরীত শব্দ লেখ : গুণ

গুণ — দোষ।

১০) বহুবচনের রূপ লেখ : মেয়ে

একবচন বহুবচন

মেয়ে মেয়েরা

১১) প্রতিশব্দ লেখ : জনক

জনক — বাবা।

১২) লিঙ্গ পরিবর্তন কর : ভাই

ভাই — বোন।